## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,জামালপুর সদর,জামালপুর।
সভার স্থানঃ সভাপতির কার্যলিয়,উপজেল াপরিষদ,জামালপুর সদর,জামালপুর।
সভার তারিখ ও সময়ঃ ২৭/১২/২০২১ খ্রিঃ বেলা-১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। | কার্য বিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়। |
| ০২ | মাদক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ক্যাম্পেইন/ কিশোর ও কিশোরী ক্লাব মেনেজমেন্ট সংক্রান্ত আলোচনাঃ | কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব জান্নাতুন নাহার,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জামালপুর সভাকে জানান,করোনা কালীন ও পরবর্তি সময়ে দীর্ঘদিন স্কুল ও কলেজ বন্ধ থাকার কারণে উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিশোর ও কিশোরীরা বিভিন্ন ধরণের সামাজিক সমস্যায় পতিত হয়েছে। তাদের মধ্যে উল্লেখ যোগ্য হলো মাদক সেবক,বাল্যবিবাহ ও নারী নির্যাতন বৃদ্ধি পেয়েছে। তাই ইউনিয়নের বিভিন্ন স্থানে উপরোক্ত বিষয়ে প্রতিরোধমূলক ক্যাম্পেইন করা দরকার। আমাদের ছেলে মেয়ে ও অভিভাবকদের নিয়ে সামাজিক সচেতনতা মূলক আলোচনা সভা করার প্রয়োজনীয়তা অপরিসীম বিধায় বিষয়টি সভায় অবহিত করেন। কিশোর ও কিশোরী ক্লাব মেনেজমেন্ট স্বাস্থ্য সু রক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে,সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। কিশোর ও কিশোরী ক্লাব মেনেজমেন্ট স্বাস্থ্য সু রক্ষার বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/১২/২০২১
(ফারজানা ইয়াছমিন)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
জামালপুর সদর,জামালপুর।

স্মারকনং ৩২.০১.৩৯০০.০০১. ১৮.১০৪.১৭- ৬৪২ (ক)                    তারিখঃ ২৭/১২/২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান,উপজেলাপরিষদ,জামালপুরসদর,জামালপুর।

০২। উপজেলানির্বাহীঅফিসার, জামালপুরসদর,জামালপুর।

০৩। জনাব----------------------------------সদস্য, উপজেলামহিলা ও শিশু উন্নয়ন কমিটি, জামালপুর সদর,জামালপুর।

০৪। অফিসনথি।

২৭/১২/২০২১

(জান্নাতুন নাহার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
জামালপুর সদর,জামালপুর।

পরিশিষ্ট "ক"

২৭/১২/২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

| ক্রঃ নং | সদস্যদের নাম | পদবী |
|---|---|---|
| ০১ | ফারজানাইয়াছমিন, মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলাপরিষদ,জামালপুরসদর,জামালপুর | সভাপতি |
| ০২ | শেখমাহবুবুররহমান, চেয়ারম্যান, ০১ নং কেন্দুয়াইউনিয়নপরিষদ | সদস্য |
| ০৩ | আব্দুল্লাহআল-মামুন,চেয়ারম্যান, ১৫ নংরশিদপুরইউনিয়নপরিষদ | সদস্য |
| ০৪ | মোঃআব্দুল জলিল,চেয়ারম্যান,০৯ নংরানাগাছাইউনিয়নপরিষদ | সদস্য |
| ০৫ | জান্নাতুন নাহার,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জামালপুর সদর | সদস্য সচিব |